†div

(পূরবী বসু দিদিকে )

*It's hard to be away from home..*

নিজস্ব শিকড়ে ফেরা -ফিরে যায় - যেতে হয়;
ম্রিয়মান আলো, কুয়াশার ঘ্রাণ, চৈতি সমীরণ,
এবং ঘুমার্দ্র চোখ যেন দোযখ;
যাযাবর মেঘ-মাতাল আকাশে;
মরু হাওয়া-দগ্ধ বেদুইনীর কামানলে,
বুরগারে বিস্রব স্নানে, বহু-জাতিক উপস্থে- কি
খুজেঁছি এত কাল- স্বল্পাবসনা সুন্দরী
সাকীর চষকে লোহিত স্নাত শ্বশন বিলাসে?
অপরিসর দ্রাঘিমায়, দু'চোখ কষ্টবৃদ্ধ হৃদয়ে
পূর্ব পুরুষের ভিটে মাটি, নিদারুন তৃষ্ণা,
আস্তির্নে ঝিমোয় পুষ্টিহীন সরবত্তা ..
এলোমেলো মনষ্কায়া জীবনের নাম ।
বন্ধনের মায়ায় জড়ালে-বেচেঁ বর্তে ...
উদ্বন্ধনের ডাক যে শুনেছে নির্মোহে ভাসে
জোয়ারের প্লাবনে, যে জেনেছে জীবনের গোপন রহস্য।
টান-পোড়নের সময় শেষে ক্লান্ত সায়াহ্ন
চুক্তিবদ্ধ নাগরে আনাবাদ উম্মুখ-রাত্রির কোলে,

তার ফেরা কি সহজ- সে-ই জানে যে ফিরে উৎসের দিকে।

উড়ে ঘুরে কি খোঁজে অনিকেত কোকিল
বোধি বৃক্ষের ছায়ায়; ভূলে যায় অরণ্যক অভস্থ্য যাপণ ...

তুলনামুলক স্বচছলতা পর-শ্রম-লব্ধ ভৈবব জৌলসে ...
সমুদ্র- তন্ময় চোখে মন ছুটে যায় বিষাদে যেমন ধলেশ্বরী ...
আমার শরীর প্রতিদিন কাঁদা-মাটির সোঁদা গন্ধ পিয়াসী !

---

তাহের ম.শায়েখ, জেদ্দা